বিনোদন



অস্কারে 'জোনাকির আলো'

বাংলাদেশ থেকে অস্কারে যাচ্ছে 'জোনাকির আলো' ছবিটি। ৮৭তম একাডেমি অ্যাওয়ার্ডসে বিদেশি ভাষার চলচ্চিত্র বিভাগে মনোনয়ন পাওয়ার লক্ষ্যে অস্কার বাছাই কমিটি খালিদ মাহমুদ মিঠু পরিচালিত এই ছবিটিকে বেছে নেয়। ১৪ এপ্রিল মুক্তি পাওয়া এই ছবিটিতে মুখ্য ভূমিকায় অভিনয় করেছেন ইমন, বিদ্যা সিনহা মিম ও কল্যাণ কোরাইয়া।

প্রত্যাশার আলো দেখাচ্ছে দুই তরুণ নির্মাতার 'পাঠশালা'

বাংলাদেশের চলচ্চিত্রে দুর্দিন যাচ্ছে বহুদিন ধরে। তবে আশার আলো দেখাচ্ছেন কয়েকজন তরুণ চিত্রনির্মাতা। এদেরই পথ ধরে ঢাকাই চলচ্চিত্রকে নতুন মাত্রা দিতে 'পাঠশালা' চলচ্চিত্রটি নির্মাণ করছেন আসিফ ইসলাম ও ফয়সাল রদ্দি। এই দুই তরুণ নির্মাতা বিশ্বাস করেন, তাদের যৌথ পরিচালনার এই ছবি এ দেশের দর্শকদের হলমুখী করতে বিশেষ ভূমিকা রাখবে। প্রত্যাশা, বন্ধুত্ব আর স্বপ্ন পূরণের সাহসিকতা নিয়ে নির্মিত 'পাঠশালা' চলচ্চিত্রটির কাহিনী লিখেছেন ফয়সাল রদ্দি। ছবিটি আসছে 'রেডমার্ক' প্রোডাকশন থেকে। কাজ শুরু হয়েছে ২৫ আগস্ট। ধারণা করছেন অক্টোবরের শেষের দিকে এ ছবির কাজ শেষ করতে পারবেন তারা। ঢাকা, গাজীপুর, গোপিন্দপুর ও শ্রীমঙ্গলে ছবিটির দৃশ্যায়ন চলছে। বাংলাদেশে প্রথমবারের মতো ২ ঘণ্টার এই চলচ্চিত্রে থাকছে ১টি অ্যানিমেশন গান। তাছাড়া পুরো ছবিতে গান থাকছে আরো ৪টি। তরুণ এই নির্মাতারা 'পাঠশালা'কে শুধু চলচ্চিত্র মনে করছেন না, বরং তাদের কাছে পাঠশালা একটি আন্দোলন।

স্মৃতিময় ফ্রেম



এক অন্তরঙ্গ মুহূর্তে দেশের আধুনিক কবিতার তিন পথিকৃৎ শামসুর রাহমান (২৩ অক্টোবর, ১৯২৯– ১৭ আগস্ট, ২০০৬), আহসান হাবীব (২ জানুয়ারি, ১৯১৭– ১০ জুলাই, ১৯৮৫) ও আল মাহমুদ (১১ জুলাই, ১৯৩৬)

আশী

আকবর হোসেন মিয়া

মুক্তিযুদ্ধের এক উজ্জ্বল নক্ষত্রের নাম আকবর হোসেন মিয়া (৮৬)। স্বাধীনতা যুদ্ধে এই বীর মুক্তিযোদ্ধা নিজের উদ্যোগে 'শ্রীপুর বাহিনী' নামে এক বিশাল মুক্তিবাহিনী গড়ে তুলেছিলেন, যা স্থানীয়দের কাছে 'আকবর বাহিনী' নামে পরিচিত। এই বাহিনীর দুঃসাহসিক অভিযান মাগুরাসহ দেশের মুক্তিযুদ্ধের ইতিহাসে এক গৌরবোজ্জ্বল ইতিহাস সৃষ্টি করেছে।

১৯৭১ সালে রেসকোর্স ময়দানে বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণের পর তিনি বুঝেছিলেন মুক্তিযুদ্ধ আসন্ন। তখন থেকেই তিনি এলাকার যুবকদের সংগঠিত করে যুদ্ধের জন্য বাহিনী গঠনের তৎপরতা শুরু করেন। তার নেতৃত্বে গড়ে ওঠা এ বাহিনী মূলত মাগুরা, ঝিনাইদহ, কুষ্টিয়া, রাজবাড়ী, ফরিদপুর এলাকাজুড়ে পাক হানাদার বাহিনী ও রাজাকার আলবদরদের বিরুদ্ধে বীরত্বপূর্ণ লড়াই করে। ২০১১-১২ সালের জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের অষ্টম শ্রেণির পাঠ্যবইয়ে মুক্তিযুদ্ধে আকবর হোসেন মিয়াসহ তার বাহিনীর অবদানের কাহিনী 'বাংলাদেশ ও বিশ্ব পরিচয়' পাঠ্যবইয়ে অন্তর্ভুক্ত করা হয়। শিক্ষা, সমাজসেবা ও ক্রীড়াক্ষেত্রেও তার অবদান অপরিসীম। প্রতিষ্ঠা করেছেন শ্রীপুর ডিগ্রি কলেজ, খামারপাড়া গার্লস হাইস্কুল, খামারপাড়া দাখিল মাদ্রাসা, খামারপাড়া কিন্ডারগার্টেন। ক্রীড়াক্ষেত্রে তার প্রতিষ্ঠিত খামারপাড়া পূবালী সংঘ মাগুরার অন্যতম বিখ্যাত ক্রীড়া প্রতিষ্ঠান। এই বীর মুক্তিযোদ্ধা বলেন, 'আমরা বঙ্গবন্ধুর নেতৃত্বে যুদ্ধ করে দেশকে স্বাধীন করেছি। নতুন প্রজন্ম দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে বাংলাদেশকে একটি উন্নত, সুখী ও সমৃদ্ধ দেশ হিসেবে গড়ে তুলতে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করবে– এটাই একজন মুক্তিযোদ্ধা হিসেবে আমার প্রত্যাশা।'

–লিটন ঘোষ জয়

অস্কারে যাচ্ছে ভারতীয় ছবি লায়ার্স ডাইস

অস্কারে বিদেশি ভাষার ছবি বিভাগে ভারতীয় চলচ্চিত্র হিসেবে মনোনীত হয়েছে নবাগত পরিচালক গেতু মোহনদাসের 'লায়ার্স ডাইস' ছবিটি। প্রথম ছবিতেই অস্কার মনোনয়ন পাওয়ার মতো সম্মান অর্জনের পথে গেতুর ছবিটিকে পেছনে ফেলতে হয়েছে নামি-দামি পরিচালকদের ৩০টি ছবিকে। ভারত-তিব্বত সীমান্ত এলাকার এক সংগ্রামী নারীকে উপজীব্য করে তৈরি ছবিটি ইতিমধ্যেই জাতীয় পর্যায়ে পেয়েছে দুটি পুরস্কার। ছবির মূল দুটি চরিত্রে অভিনয় করেছেন নওয়াজউদ্দিন সিদ্দিকী ও গীতাঞ্জলী থাপা। আগামী বছর ফেব্রুয়ারিতে বিশ্বসেরা হওয়ার মঞ্চকে ছবিটি কতখানি আলোকিত করতে পারবে তা দেখতে হলে অপেক্ষা করতে হবে আরো কয়েকটি মাস।

শশী কাপুরের সুস্থতা কামনায় বিগ বি

অসুস্থ বর্ষীয়ান বলিউড অভিনেতা শশী কাপুরের সুস্থতা কামনা করেছেন বলিউড সুপারস্টার অমিতাভ বচ্চন। বুকে সংক্রমণ নিয়ে হাসপাতালে ভর্তি হওয়া শশী কাপুরের দ্রুত আরোগ্য কামনা করে একটি টুইটার বার্তা দিয়েছেন বিগ বি। গত ২১ সেপ্টেম্বর হঠাৎ অসুস্থ হয়ে পড়লে ৭৬ বছর বয়সী শশী কাপুরকে মুম্বাইয়ের ধীরু ভাই আম্বানি হাসপাতালে ভর্তি করা হয়। বর্তমানে হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) চিকিৎসাধীন এই তারকার বুকে কফ জমে শারীরিক অবস্থা খারাপ হয়ে পড়েছে বলে জানিয়েছেন তার চিকিৎসকরা। বর্তমানে তার অবস্থা স্থিতিশীল। সাবেক সহঅভিনেতার দ্রুত আরোগ্য কামনা করে অমিতাভ তার টুইটার বার্তায় লেখেন, 'তার দ্রুত সুস্থতা কামনা করছি, আশা করি সর্বশক্তিমান তার পাশেই থাকবেন।'

দীপিকা বনাম টাইমস অব ইন্ডিয়া

প্রভাবশালী দৈনিক টাইমস অব ইন্ডিয়ার সঙ্গে অভিনেত্রী দীপিকা পাড়ুকোনের লড়াই বেশ ভালোই জমে উঠেছে। কয়েকদিন আগে টাইমস অব ইন্ডিয়ার টুইটার পেজে দীপিকার পুরনো একটি ভিডিও শেয়ার করা হয়। ক্লোজ শটের এই ভিডিওর সঙ্গে টুইটে লেখা হয় 'ঈশ্বর! দীপিকার বুকের ভাঁজ দেখা যাচ্ছে।' পরদিন এ ঘটনার ভিন্ন রকম প্রতিবাদ করে পাল্টা টুইটার করেন দীপিকা। তিনি লেখেন, 'হ্যাঁ আমি একজন নারী, আমার স্তন ও এর ভাঁজ থাকবেই। কোনো সমস্যা!' এরপর নিজের ফেসবুক পেজে টাইমস অব ইন্ডিয়া কর্তৃপক্ষের উদ্দেশে একটি খোলা চিঠি লেখেন তিনি। পত্রিকা কর্তৃপক্ষও পাল্টা জবাব দেয় সেই চিঠির। জল আরো ঘোলা হয় তাতে। বলিউডের অন্য তারকারাও শামিল হলো কথার যুদ্ধে। টুইটারে দীপিকা পাড়ুকোনকে সমর্থন করে প্রিয়াঙ্কা চোপড়া লেখেন, 'আমাদের সবার পক্ষে (দীপিকার) এই শক্ত অবস্থান।' ভারতের নারী সাংবাদিকদের কয়েকটি সংগঠন এ ঘটনায় টাইমস অব ইন্ডিয়াকে সাংবাদিকতার নৈতিকতা বর্জনের দায়ে অভিযুক্ত করে দীপিকা পাড়ুকোনের পাশে দাঁড়িয়েছে।



আপনি জানেন কি

ক্যাটরিনার অজানা কথা

হালের জনপ্রিয় তারকা ক্যাটরিনা কাইফ। একের পর এক হিট ছবি, রণবীর কাপুরের সঙ্গে প্রেমের গুজব, বিজ্ঞাপন চিত্র– সব মিলিয়ে দর্শকদের খুব প্রিয় তারকা ক্যাট। কিন্তু সেই ক্যাটেরও আছে বেশকিছু অজানা তথ্য। তেমন কিছু তথ্যই দেয়া হলো এখানে :

- ২০০৩ সালে বুম ছবি দিয়ে বলিউডে আত্মপ্রকাশের আগে ক্যাটরিনা কাজ করতেন ছোটখাটো মডেল হিসেবে।
- ১৪ বছর বয়সে একটি জুয়েলারি কোম্পানির ক্যাম্পেইনিংয়ের মাধ্যমে মডেলিং ক্যারিয়ার শুরু ক্যাটের।
- মিডিয়ার কাছে ক্যাটের সঠিক বয়স নিয়েও রয়েছে নানা তথ্য। কারো মতে, তার জন্ম ১৯৮৩ সালে। আবার কারো জানামতে, ক্যাটরিনার জন্ম নাকি ১৯৮৪ সালে।

গ্রন্থনা : **আহমেদ বায়েজীদ**